

দ্বিজেন্দ্রনাথ ঠাকুর

শ্রীমৎ রবীন্দ্রনাথ কবীন্দ্র চিরঞ্জীবেষু

জনম-দিবস আজি তোমার ।

ধর উপহার বড় দাদার ॥

বিশ্বভারতী ভারতপ্রাণা

নানা দেশে ধরি মূরতি নানা,

প্রকাশিল লীলা অতি অপূর্ব।

কবি যবে দিলা গীত অনজলি

বলিলা জননী স্নেহরসে গলি

"কত আমি বিদেশে ঘুরব" !

"এসেছিস তুই শুভ মুহূরতে

নিয়ে চল মোরে পুণ্য ভারতে,

শান্তি-সদন সেই আমার ।"

নেপথ্যে ॥

বহুকালের প্রাচীন বৃদ্ধ ॥

সেই বালকটি সেদিনকার

পঞ্চমষ্টি হইল পার,

কাভ একি চমৎকার!

পঠদশায় নাবালক বৃদ্ধ ॥ চমৎকার না চমৎকার ॥

শুভকামী দ্বিজ ॥ নবারণ-রথীকে নিয়ে রবি দীপতিমান

বর্ষে বর্ষে এমনি দিনে করিবে যবে ধেয়ান

তৎসবিত্ দেবতার বরনীয় ভগ্ন,

শান্তিনিকেতন হবে পৃথিবীতে স্বর্গ ॥

সত্যজ্যোতি বিনা হয় আঁধার পৃথিবী ।

আঁধারের আলো রবি হোক চিরজীবী ॥